শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা ২০২৫ উপলক্ষ্যে আলোচনা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত

শামসুল আলম, ঠাকুরগাঁও – ঠাকুরগাঁওয়ে ৫৩ তম স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা ২০২৫ উপলক্ষ্যে আলোচনা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। আজ ৬ ফেব্রুয়ারী বৃহস্পতিবার বিকেলে বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রিয়া সমিতির আয়োজনে শহীদ মুহাম্মদ আলী স্টেডিয়ামে উক্ত আলোচনা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।
অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন,ঠাকুরগাঁও সদর উপজেলা নিবার্হী কর্মকর্তা মোঃ খাইরুল ইসলাম, বিশেষ অতিথি উপজেলা শিক্ষা অফিসার মোঃ আব্দুর রহমান, সালান্দর উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক মাসুদ রানা, সহকারী শিক্ষক মাজেদুর রহমান আপেল, সহকারী শিক্ষক আলতাফুর রহমান প্রমুখ। অনুষ্ঠান শেষে অতিথিরা বিজয়ী হাতে পুরস্কার তুলে দেন।